

উপজেলা পরিষদ কার্যালয়  
উখিয়া, কক্সবাজার।

উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো. জাহাঙ্গীর আলম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।  
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।  
তারিখ ও সময় : ২৩/১১/২০২১ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা, আন্তরিক অভিনন্দন ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
হোটেল, রেস্টুরেন্ট মালিক শ্রমিকদের নিরাপদ খাবার তৈরি ও সরবরাহ বিষয়ে সচেতনতামূলক ক্যাম্পেইন সংক্রান্ত আলোচনা	সভায় উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর ও কমিটির সদস্যসচিব বলেন, বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিক প্রবেশের পর অতিরিক্ত চাহিদার কারণে উপজেলায় বিভিন্ন মানের খাবারের দোকান গড়ে উঠেছে। হোটেল রেস্তোরাঁয় বিক্রিত খাবারের মধ্যে রয়েছে শুকনো তেলে ভাজা, রান্না করা, আগুনে সেদ্ধ পোড়ানো, তেলে মাখানো খাবার। এসব খাবার সুস্বাদু হওয়ায়, কোন ধরনের যাচাই না করেই ক্রেতা খেয়ে থাকেন। উদাহরণস্বরূপ, ঝাল মুড়ি, চটপটি ও ফুচকা, যা উখিয়ায় অহরহ পাওয়া যায়। মালিকদের অসচেতনতা কিংবা অতিরিক্ত লাভের আশায় মানহীন ও অনিরাপদ খাবার তৈরি করছে যার ফলে উপজেলার স্থানীয় জনগণ, দেশ বিদেশের বিভিন্ন স্থান থেকে আসা সরকারি বেসরকারি বিভিন্ন সংস্থার কর্মকর্তা/কর্মীরা স্বাস্থ্যঝুঁকির সম্মুখীন হতে হচ্ছে। তাই উপজেলার হোটেল রেস্টুরেন্ট মালিকদের এ বিষয়ে সচেতনতা করা অত্যন্ত জরুরী। এমতাবস্থায় উপজেলার অবস্থানরত বৃহৎ জনসংখ্যা স্বাস্থ্যঝুঁকি রয়েছে।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর এর সাথে উপস্থিত সকলে একমত পোষন করেন এবং হোটেল, রেস্টুরেন্ট মালিক শ্রমিকদের নিরাপদ খাবার তৈরি ও সরবরাহ বিষয়ে সচেতনতামূলক ক্যাম্পেইন কর্মসূচি গ্রহণের নিমিত্ত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো. জাহাঙ্গীর আলম)  
সভাপতি

উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, উখিয়া।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ

২। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া




৩। অফিস নথি।

উপজেলা পরিষদ কার্যালয়  
উখিয়া, কক্সবাজার

উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটির সভার উপস্থিতির হাজিরা

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ

তারিখ : ২৩/১১/২০২১ খ্রি.

নাম	পদবী	প্রতিষ্ঠান ও ঠিকানা	কমিটিতে পদ	স্বাক্ষর
জাহাঙ্গীর আনন্স	ভাইস চেয়ারম্যান	উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার	সভাপতি	
—	চেয়ারম্যান	হলদিয়াপালং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	—
শফুর উদ্দিন মৌলভী	চেয়ারম্যান	পালংখালী ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	
জাহাঙ্গীর করিম মৌলভী	চেয়ারম্যান	রাজাপালং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	
শেখমুদ নূরুল আনন্স	উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর	উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার কার্যালয়, উখিয়া, কক্সবাজার	সদস্যসচিব	